# ২০২৬
# বাংলা
## (প্রোগ্রাম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNG-G-CC-T-4
## (বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)
## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) নবকুমারের নিবাস কোথায় ছিল? তিনি কোন্ শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন?

খ) 'সমুদ্র দেখিব বড়ো সাধ ছিল, সেইজন্যই আসিয়াছি।' — কোথায় আসার কথা এখানে বলা হয়েছে?

গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।

ঘ) 'আঃ, মিছে তামাশা ছেড়ে দেও' — কে, কার সাথে কী তামাশা করেছিল?

ঙ) 'জ্ঞানতরঙ্গিনী' সভাটির স্থান কোথায় নির্বাচন করা হয়?

(পরের পাতায়)

চ) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোন্ সময় রচনা করেছিলেন?

ছ) ‘পটুয়া শিল্প’ প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

জ) রবীন্দ্রনাথ কোন্ প্রসঙ্গে, কাদের পক্ককেশের শুভ্র মরুভূমি বলেছেন?

ঝ) “সব ছবিরই দুটো দিক থাকে”—দিক দুটি কী কী?

ঞ) ‘এই শ্রেণীর লোক আজকাল অনেক দেখা যায়’ — কোন্ শ্রেণীর লোক অনেক দেখা যায়?

ট) ‘যে ধনীর কীর্তি নেই, হাতে কর্ম নেই’ তাদের সবচেয়ে কীসের প্রয়োজন হয়?

ঠ) ‘পটুয়া শিল্প’ নামক প্রবন্ধটির সূচনা হয়েছে কোন্ আলোচনার সূত্রে?

ড) “তবুও পটের ছবি সজ্ঞান ছিল না।”—তাৎপর্য লেখো।

ঢ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদের নাম কী?

ণ) ‘সে কি গো? তুমি না সং সেজেছ?’—কে, কাকে কথাগুলি বলেছিল? কেন বলেছিল? উত্তরে সে কী শুনেছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) “না, না-পরে আবার কেন? শুভকর্মে বিলম্বে কাজ কি?” —কথাটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছিল? শুভ কর্ম কী? কাজটি পরে করার জন্য বলা হয়েছিল কেন?

খ) ‘পৃথিবীর সমস্ত বড়ো বড়ো সভ্যতাই দুঃসাহসের সৃষ্টি।’ —‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধানুসারে মন্তব্যটির বিচার করো।



গ) “শিল্পের জগতে পৌরাণিক সত্তার প্রতি বিশ্বাস গুরুত্বপূর্ণ”—আলোচনা করো।

ঘ) “এরূপ বিভাগ না হইলে বিপদ ঘটিত” — বিভাগটি কী? অন্যথা হলে কেন বিপদ ঘটত?

ঙ) “মহাশয় যাহা জগদীশ্বরের হাত, তাহা পন্ডিতে বলিতে পারে না-ও মূর্খ কী প্রকারে বলিবে? আপনি ব্যস্ত হইবেন না।”— উদ্ধৃতিটি কার? জগদীশ্বর ও মূর্খ বলতে কাদের বোঝানো হয়েছে? কোন্ ঘটনাকে কোন্ পরিস্থিতিতে এখানে জগদীশ্বরের হাত বলা হয়েছে?

চ) ‘এ সকল অলঙ্কার এই অঙ্গেরই উপযুক্ত’ — উৎস নির্দেশ করে ব্যাখ্যা লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) “কপালকুণ্ডলা’-য় সমসাময়িক সমাজ-জীবনের কথা সুন্দরভাবে ফুটে উঠেছে”—আলোচনা করো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধে মূলত নবীনের জয়গান গেয়েছেন — প্রসঙ্গ সহ পরিস্ফুট করো।

গ) ‘পট’ শব্দটির অর্থ কী? বাংলাদেশের পটুয়া শিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসন হিসেবে কতখানি সার্থক তা বিচার করো।